জাতির পিতা অমলিন, অবিনশ্বর -শ্রম প্রতিমন্ত্রী

খুলনা, ১৫ আগস্টঃ
শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মন্নুজান সুফিয়ান বলেছেন জাতির পিতা অমলিন, অবিনশ্বর। জাতির পিতার ত্যাগ বৃথা যায়নি। জাতির পিতার আদর্শ আমাদের প্রেরণা।

আজ খুলনা জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষে জেলা প্রশাসন আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

শ্রম প্রতিমন্ত্রী বলেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের স্বাধীন পতাকা ও স্বাধীন ভূখন্ড দিয়েছেন। ঘাতকরা তাঁকে হত্যা করে বাংলাদেশ থেকে জাতির পিতার আদর্শকে মুছে দিতে চেয়েছিলো। প্রকৃতপক্ষে জীবিত মুজিবের চেয়ে মৃত মুজিব আজ অনেক বেশি শক্তিশালী। জাতির পিতার চেতনায় বাঙালি আজ উজ্জীবিত। জাতির পিতার সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নত-সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশের দ্বারপ্রান্তে।

খুলনার বিভাগীয় কমিশনার মোঃ হেলাল মাহমুদ শরীফের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন খুলনা মেট্রোপলিটন পুলিশ- কেএমপি'র কমিশনার মোঃ মোজাম্মেল হক, অতিরিক্ত রেঞ্জ ডিআইজি মোঃ নিজামুল হক মোল্যা, পুলিশ সুপার মোহাম্মদ সাঈদুর রহমান, বীর মুক্তিযোদ্ধা মোঃ আলমগীর কবির, সরদার মাহাবুবার রহমান ও মকবুল হোসেন মিন্টু। আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন জেলা প্রশাসক খন্দকার ইয়াসির আরেফীন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকী এবং জাতীয় শোক দিবস উপলক্ষে জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে খুলনা আঞ্চলিক তথ্য অফিস বঙ্গবন্ধুর জীবন ও কর্ম বিষয়ক আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করে।

স্বাক্ষরিত /-
মো. আকতারুল ইসলাম
সিনিয়র তথ্য অফিসার
০১৭১৮৮৫১৮৫১